অসাধারণ কোনো ব্যক্তির জন্য অসাধারণ কিছু করুন

সম্মান তাদের জন্য...

- যারা সত্যিকারের প্রভাব ফেলেছেন;
- যার শ্রেষ্ঠ উদাহরণ দীর্ঘমেয়াদী এবং স্বার্থহীন স্বেচ্ছামূলক সার্ভিসের মাধ্যমে ফুটে ওঠে;
- নিজের সহকর্মীদের সম্মান অর্জন করেছেন;
- অনেক জিনিসের উন্নতি করেছেন, বিশেষত তাদের জন্য, যারা সামর্থ্য কম;
- নৈতিক সাহস দেখিয়েছেন;
- দৃষ্টান্তমূলক উদ্ভাবন বা ব্যবসায়ীক উদ্যোগ অথবা
- ব্রিটিশ জীবনে সম্মান এনে দিয়েছে এবং তার জনপ্রিয়তা বাড়িয়েছে।

ক্রীড়াক্ষেত্রে বৈষম্য মোকাবিলার জন্য সার্ভিস বা
Leroy Rosenior MBE

সাম্মান দেওয়ার সিস্টেমের ব্যাপারে আরও জানতে পারেন এখানে:

www.gov.uk/honours

অনার্স অ্যান্ড অ্যাপয়েন্টমেন্টস সেক্রেটারিয়েটের সাথে যোগাযোগ করুন এখানে:

অনার্স অ্যান্ড অ্যাপয়েন্টমেন্টল সেক্রেটারিয়েট
1 Horse Guards Road, London SW1A 2AQ

ই মেল: honours@cabinetoffice.gov.uk

টেলিফোন: 020 7276 2777

HM Government

আমাদের সম্মান দেওয়ার সিস্টেম

লন্ডনে হেলথকেয়ার সার্ভিসের জন্য প্রবীণদের নার্স স্পেশালিস্ট,
Elizabeth Atere-Roberts OBE

কীভাবে মনোনীত করতে হয়?

আপনি যা ভাবছেন তার থেকেও সহজ আমাদের সাম্মান দেওয়ার সিস্টেমে কীভাবে মনোনয়ন লিখতে হয় এবং তথ্য ও অনলাইন ফর্ম সম্পর্কিত গাইডেন্স www.gov.uk/honours-তে দেখুন। আপনি সরাসরি টিমের সঙ্গে যোগাযোগ করতে পারেন এবং আমরা আপনাকে প্রক্রিয়ার ব্যাপারে জানাব বা মনোনয়ন পত্রের কাগুজে সংস্করণ পাঠাবো।

মনোনয়ন আপনার প্রার্থীর কৃতিত্বের কোন ব্যাপারটি বিশেষ উল্লেখযোগ্য, সেটা জানান এবং তাঁরা কী প্রভাব ফেলেছেন এবং পার্থক্য তৈরি করতে পেরেছেন সেটা লিখুন। সেরা মনোনয়নে দেখা যায় কীভাবে একজন মানুষ বাধা পেরিয়ে এসেছেন বা বাড়তি প্রচেষ্টা চালিয়েছেন।

প্রতিটি মনোনয়নের সঙ্গে তার সমর্থনে দুটি বা তার বেশি চিঠি চাই। এগুলি তাঁরাই লিখবেন যাঁরা মনোনীত ব্যক্তিকে চেনেন এবং তাঁর অবদানকে মান্যতা দেন।

কী পুরস্কার রয়েছে?

স্বাধীন বিশেষজ্ঞ সাম্মানিক কমিটি সিদ্ধান্ত নেয় কী ধরনের পুরস্কার দেওয়া উচিত। অর্ডার অফ দ্য ব্রিটিশ এম্পায়ারের পর্যায়গুলি হল:

- **ব্রিটিশ এম্পায়ার মেডেল (BEM)** – স্থানীয় ভৌগোলিক এলাকায় 'সরাসরি' পরিষেবা দেওয়ার জন্য;
- **মেম্বার অফ দ্য অর্ডার অফ দ্য ব্রিটিশ এম্পায়ার (MBE)** – একটি কাজের স্বীকৃতি অথবা নির্দিষ্ট কমিউনিটির প্রতি পরিষেবা যা দুরদর্শী প্রভাব ফেলেছে এবং বাকিদের তুলনায় আলাদা;
- **অফিসার অফ দ্য অর্ডার অফ দ্য ব্রিটিশ এম্পায়ার (OBE)** – যাঁরা যে কোনও ক্ষেত্রে আঞ্চলিক বা দেশব্যপী ভূমিকা পালন করেছেন;
- **কম্যান্ডার অফ দ্য অর্ডার অফ দ্য ব্রিটিশ এম্পায়ার (CBE)** – জাতীয় বা আঞ্চলিক ক্ষেত্রে নির্দিষ্ট ভূমিকা পালনের জন্য; এবং
- **Dame or Knight** – যে কোনও ক্ষেত্রে সাধারণত জাতীয় স্তরে অসাধারণ অবদান রাখা ব্যক্তিদের ক্ষেত্রে।

কে সিদ্ধান্ত নেন?

আপনি মনোনয়ন জমা দেওয়ার পরে সমস্ত তথ্য যাচাই করা হয় এবং যাঁরা মনোনীত ব্যক্তিকে চেনেন বা তার অ্যাক্টিভিটি জানেন, তাদের কাছ থেকে ফিডব্যাকের জন্য অনুরোধ করা হয়।

10টি স্বাধীন বিশেষজ্ঞ সাম্মানিক কমিটির একটির সিদ্ধান্তের জন্য তথ্যসূত্র তৈরি করা হয়।

এই কমিটি স্বাধীন বিশেষজ্ঞদের নিয়ে তৈরি হয় এবং তাঁরা কমিউনিটি, স্বেচ্ছাসেবী বা জনসেবা, শিল্প এবং মিডিয়া, খেলাধুলো, স্বাস্থ্য, শিক্ষা, বিজ্ঞান এবং প্রযুক্তি, অর্থনীতি এবং রাজনীতির উপর চর্চা করে। যোগ্য প্রার্থীর ব্যাপারে প্রতিটি কমিটি সিদ্ধান্ত নেয় এবং একটি কেন্দ্রীয় কমিটিতে জমা দেয়, যার শীর্ষে থাকেন সিভিল সার্ভিসের প্রধান। এর পর প্রধানমন্ত্রীর জন্য একটি চূড়ান্ত তালিকা তৈরি হয়, যিনি মহামান্য রানীর অনুমতির জন্য তা জমা দেন।

সম্মান প্রদানের তালিকায় একজন সফল প্রার্থী না থাকা পর্যন্ত সাধারণত মনোনয়নের তারিখ থেকে এক বছরেরও বেশি সময় লাগে। তথ্য পরীক্ষা এবং বাকিদের মতামত শোনার জন্য সময় নেওয়া হয়।

প্রচারের আড়ালে থেকে যাওয়া **অনেক নায়ক** রয়েছেন, যাঁদের সম্মান জানানো উচিত — কিন্তু কাউকে অন্তত তাঁদের **মনোনীত করতে হবে**।

#আজইমনোনীতকরুন